

লন্ডনে বিমানের ক্রু মারধরের শিকার

- A Monitor Desk Report

Date: 03 October, 2025



ঢাকা: ফ্লাইটের বিরতিকালে লন্ডনে মারধরের শিকার হয়েছেন বিমান বাংলাদেশ এয়ারলাইনসের লন্ডন ফ্লাইটের ফ্লাইট পার্সার তৈফুর রহমান খান।

একজন মাদকাসক্ত শরণার্থী তাকে মোটা লাঠি দিয়ে আঘাত করে। এছাড়াও তাকে কিল-ঘুষি মেরে আহত করে। মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) ঘটনা ঘটেছে।

বৃহস্পতিবার (২ অক্টোবর) গণমাধ্যমে বিষয়টি নিশ্চিত করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। মারধরের পর তৈফুর রহমান খান হাসপাতালে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন।

এই ঘটনার পর বিমানের ক্রুদের হেস্টন হাইড হোটেলের পরিবর্তে একই গ্রুপের অন্য হোটেলে স্থানান্তর করা হয়েছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সূত্রে জানা গেছে, ফ্লাইটের বিরতিতে থাকা অবস্থায় মঙ্গলবার হেস্টন হাইড হোটেলে অবস্থানকালে হোটেল কক্ষ থেকে বেরিয়ে সামনে বসেছিলেন তৈফুর। এ সময় পেছন থেকে একজন মাদকাসক্ত ব্যক্তি তাকে আকস্মিকভাবে মোটা লাঠি দিয়ে আঘাত করে। এসময় তিনি মাটিতে পরে যান। পরে তার পেটে কিল-ঘুষি ও লাঠি মারতে থাকে। পরে হোটেলের নিরাপত্তাকর্মীরা তাকে উদ্ধার করেন। তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে এসে হামলাকারীকে আটক করে লন্ডন পুলিশ। পুলিশ জানায়, হামলাকারী শরণার্থী এবং মাদকাসক্ত।

ঘটনার বিষয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স জানায়, আকস্মিকভাবে ঘটনাটি ঘটেছে। পরে বিমানের লন্ডনের কান্ডি ম্যানেজার হোটেল কর্তৃপক্ষের কাছে অভিযোগ করলে তারা বিস্তারিত ঘটনা ই-মেইল করতে বলে। এরই মধ্যে লন্ডন কান্ডি ম্যানেজার পুরো ঘটনা উল্লেখ করে হোটেল কর্তৃপক্ষের কাছে ই-মেইল করেছেন। তারা বিষয়টি অনুসন্ধান করছে।

